



জীর্ণ শ্রেণীকক্ষে লেখা পড়া করছে শিক্ষার্থীরা

-সংবাদ

মুকসুদপুর সর. প্রা. স্কুল ঝুঁকিপূর্ণ ভবন : আতঙ্কে শিক্ষার্থী-শিক্ষক

প্রতিনিধি, মুকসুদপুর (গোপালগঞ্জ)

গোপালগঞ্জের মুকসুদপুর উপজেলার ৯৭নং কলিগ্রাম সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ঝুঁকিপূর্ণ ভবনে ছাত্রছাত্রীদের পাঠদান করানো হচ্ছে। ফলে বিভিন্ন সমস্যার সম্মুখীন হচ্ছে কোমলমতি শিক্ষার্থীরা। ৭ জন শিক্ষক দ্বারা একটি শিফটে পরিচালিত স্কুলটিতে ছাত্রছাত্রী সংখ্যা ২৪৭ জন। জানা যায়, ১৯৭০ সালে স্কুলটি নির্মাণ করা হয়। পরে ২০০০-০১ অর্থবছরে স্কুলটিতে ৩ কক্ষবিশিষ্ট নতুন একটি ভবন নির্মাণ করা হয়, যার একটি কক্ষে লাইব্রেরী, অন্য ২টি কক্ষে ২য় ও ৫ম শ্রেণীর শিক্ষার্থীদের পাঠদান করানো হয়।

আর অন্যান্য শ্রেণীর শিক্ষার্থীদের ঝুঁকিপূর্ণ ভবনে পাঠদান করানো হয়। ঝুঁকিপূর্ণ ভবনে পড়াশুনার পরিবেশ না থাকায় ব্যাপক সমস্যার সম্মুখীন শিক্ষক ও শিক্ষার্থীরা। স্কুলটির প্রধান শিক্ষক প্রফুল্ল কুমার বালা জানান, ঝুঁকিপূর্ণ ভবনে পাঠদান করায় প্রতি মুহূর্তেই আতঙ্কের মধ্যে থাকতে হচ্ছে। এবিষয়ে উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসারকে জানানো হয়েছে। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার জাহাঙ্গির হোসেন জানান, বিষয়টি আমরা জেনেছি। এ মাসেই স্কুলটির নতুন ভবন নির্মাণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে।